

💵 নবী (সা.) এর ছলাত সম্পাদনের পদ্ধতি

বিভাগ/অধ্যায়ঃ সালাত বিষয়ে বিস্তারিত রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ নাছিরুদ্দিন আলবানী (রহ.)

الفتح على الإمام ইমামের প্রতি উন্মোচন বা লুকুমাহ দান

নবী (সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম) ইমামের কিরা'আত পাঠে জটিলতা সৃষ্টি হলে তা উন্মোচন করে দেয়া সুন্নাহ্ সম্মত করেছেন।

صلى صلاة، فقرأ فيها، فلبس عليه فلما انصرف قال لأبي: أصليت معنا؟ قال : نعم، قال : فما منعك (أن تفتح (علي

তিনি তার কোন এক ছালাতের কিরা'আতকালে তাতে এলোমেলো হয়ে যায়। ছালাত শেষে উবাই নামক ছাহাবীকে বললেনঃ তুমি কি আমাদের সাথে ছালাত পড়েছ? তিনি বললেনঃ হ্যাঁ। তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ তবে আমাকে জটিলতামুক্ত করতে কোন জিনিস তোমাকে বাধা দান করেছে।[1]

ফুটনোট

[1] আবু দাউদ, ইবনু হিব্বান, ত্বাবারানী, ইবনু আসাকির (২/২৯৬/২) আযযিয়া 'আলমুখতারাহ' গ্রন্থে বিশুদ্ধ সন্দে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8146

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন